

মার্চ/২০২২ইঁ আঙগঞ্জ উপজেলা সংস্কতি বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরনী

সভার সভাপতি	: সেলিম পারভেজ
	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ আঙগঞ্জ।
স্থান	: উপজেলা পরিষদ সভাকক্ষ।
তারিখ	: ০৯/০৩/২০২২ খ্রি।
সময়	: ১০.৩০ ঘটিকা

উপস্থিত সদস্যবন্দের নামের তালিকা পরিশিষ্ট "ক" সদয় দ্রষ্টব্য

সভার প্রারম্ভে সভাপতি সকলকে শুভেচ্ছা ও সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতি মহোদয় অদ্যকার সভা পরিচালনা করার জন্য অত্র কমিটির সদস্য সচিব উপজেলা মাধ্যমিক কর্মকর্তাকে অনুরোধ করেন। সভাপতির অনুরোধক্রমে উপজেলা মাধ্যমিক কর্মকর্তা সভাপতিকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম পরিচালনা করেন।

আলোচনা ০১ঃ-

উপজেলা মাধ্যমিক কর্মকর্তা আলোচনার শুরুতেই বলেন যে, উপজেলার বিভিন্ন প্রাথমিক, মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের আসতেছে ২৬শে মার্চ স্বাধীনতা দিবস যথাযথ মর্যাদায় পালন ও বিভিন্ন জাতীয় দিবস পালন করা সহ বাঙালী সংস্কৃতির মূল্যবোধ জাহাত করার লক্ষ্যে বাংলাদেশে ঐতিহ্যগতভাবে চলমান বিভিন্ন সামাজিক ও সংস্কৃতিমূলক অনুষ্ঠানের আয়োজন করার জন্য উপজেলা সংস্কৃতি কমিটির পক্ষ থেকে উপজেলা শিক্ষা দণ্ডের/ মাধ্যমিক শিক্ষা দণ্ডেরকে পরামর্শ দেয়ার প্রয়োজন।

তিনি আরও বলেন যে, আমার জানামতে উপজেলা শিক্ষা দণ্ডের এইরূপ অনুষ্ঠানের জন্য কোন বরাদ্দ না থাকায় উপজেলা পরিষদের অন্য কোন বরাদ্দ থেকে এইরূপ অনুষ্ঠানের জন্য বরাদ্দের ব্যবস্থা করা যায় সেদিকে সুদৃষ্টি রাখার জন্য সভার সভাপতির নিকট অনুরোধ রাখেন।

আলোচনা ০২ঃ-

২নং আলোচনায় কমিটির সদস্য সচিব বলেন যে, এছাড়াও উপজেলায় সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিগত সময়গুলোতে ১লা বৈশাখ, পিঠা উৎসবসহ বিভিন্ন ধরনের বাঙালীয়ানা সংশ্লিষ্ট উৎসব যথা নিয়মে পালন করে আসছে। বাঙালী সংস্কৃতি বিষয়ক যে কোন ধরনের সরকারী সহায়তার সঠিক ব্যবহারের জন্য সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন।

সিদ্ধান্ত:- জাতীয় দিবস পালনসহ বিভিন্ন সংস্কৃতিকে এগিয়ে নেওয়ার জন্য বিভিন্ন বিষয়ে সকলকে/ সকল শিক্ষা প্রতিষ্ঠানকে সহযোগীতা অব্যহত রাখার জন্য সর্বসমত্বক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।


(সেলিম পারভেজ)
ভাইস চেয়ারম্যান,
উপজেলা পরিষদ

ও
সভাপতি

সংস্কৃতি বিষয়ক উপজেলা কমিটি,
আঙগঞ্জ, ব্রাক্ষণবাড়িয়া।

স্মারক নং - উপজেলা কমিটি/৭৫৩/২০২২/১৬২(৫)

তারিখঃ- ০৯.৩.২০২২ খ্রি:

অনুলিপি সদয় অবগতির জন্য :

- ১। উপজেলা চেয়ারম্যান, আঙগঞ্জ, ব্রাক্ষণবাড়িয়া।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, আঙগঞ্জ, ব্রাক্ষণবাড়িয়া।
- ৩। উপজেলা ভাইস চেয়ারম্যান(পুরুষ) আঙগঞ্জ, ব্রাক্ষণবাড়িয়া।
- ৪। উপজেলা _____ কর্মকর্তা, আঙগঞ্জ, ব্রাক্ষণবাড়িয়া।
- ৫। অফিস কপি।


Md. Md. Golam Gani
MD. Md. Golam Gani

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
আঙগঞ্জ, ব্রাক্ষণবাড়িয়া।

পরিশিষ্ট “ক”:

সংস্থতি বিষয়ক উপজেলা কমিটির সভায় উপস্থিত সদস্যবুন্দের নামের তালিকা।

ক্রমিক নং	সদস্যগণের নাম	পদবী	স্বাক্ষরিত
০১.	ভাইস চেয়ারম্যান (পুরুষ), উপজেলা পরিষদ, আঙগঞ্জ, ব্রাক্ষণবাড়িয়া	সভাপতি	স্বাক্ষরিত
০২.	চেয়ারম্যান, চরচারতলা ইউনিয়ন পরিষদ	সদস্য	স্বাক্ষরিত
০৩.	চেয়ারম্যান, আঙগঞ্জ ইউনিয়ন পরিষদ	সদস্য	স্বাক্ষরিত
০৪.	জনাব শফিকুর রহমান, শিল্পকলা একাডেমী, আঙগঞ্জ।	সদস্য	স্বাক্ষরিত
০৫.	উপজেলা মাধ্যমিক কর্মকর্তা	সদস্য সচিব	স্বাক্ষরিত



(সেলিম পারভেজ)

ভাইস চেয়ারম্যান,
উপজেলা পরিষদ

ও

সভাপতি

সংস্থতি বিষয়ক উপজেলা কমিটি,
আঙগঞ্জ, ব্রাক্ষণবাড়িয়া